

জাহাজ নির্মাণ শিল্পে ১০ হাজার বেকারের প্রশিক্ষণের উদ্যোগ অর্থ মন্ত্রণালয়ের

▷ ইসরাফিল

রফতানিমুখী জাহাজ নির্মাণশিল্পে দক্ষ মানবশক্তি তৈরিতে বিনামূল্যে প্রশিক্ষণ পাবে। আর এই প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবে ১০ হাজার বেকার। অর্থ মন্ত্রণালয়ের স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রামের আর্থিক সহযোগিতায় এই প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন করবে রফতানিমুখী জাহাজ নির্মাণশিল্প মালিক সমিতি। আর প্রশিক্ষণকালীন মাসিক ভাতাও দেয়া হবে।

প্রশিক্ষণের সময়কাল

জানা গেছে তিন বছরে এই প্রশিক্ষণ সম্পন্ন হবে। প্রথম বছরে দুই হাজার, দ্বিতীয় বছরে সাড়ে পাঁচ হাজার ও তৃতীয় বছরে প্রশিক্ষণ দেয়া হবে আড়াই হাজার প্রশিক্ষণার্থীকে। এর মধ্যে একেবারে নতুন বা অদক্ষ ছয় হাজার ৫৪৫ জন এবং জাহাজ শিল্পের বিভিন্ন শাখায় কর্মরত স্কল দক্ষতাসম্পন্ন তিন হাজার ৪৫৫ জনকে প্রশিক্ষণ দেয়ার মাধ্যমে দক্ষ করে তোলা হবে।

প্রশিক্ষণের বিষয়

মোট ১০টি বিষয়ে প্রশিক্ষণ দেয়া হবে। বিষয়গুলো হচ্ছে, ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন, মেশিন টুলস অপারেশন, ইলেকট্রিক্যাল অ্যান্ড নেভিগেশন ইকুইপমেন্ট ইন্সটলেশন, পাইপিং, মেশিনারি ইন্সটলেশন, এইচবিএসি ইন্সটলেশন টেকনোলজি, পেইন্টিং, সিএনসি অপারেশন, ক্যাড অ্যান্ড ক্যাম এবং কোয়ালিটি কন্ট্রোল। এই ১০ বিষয়ে নতুন বা অদক্ষ যারা তাদের তিন মাসের প্রশিক্ষণ দেয়া হবে। স্কল দক্ষদের প্রশিক্ষণ মেয়াদ হবে ১৫ দিন।

বাছাই প্রক্রিয়া

অষ্টম শ্রেণী পাস যে কেউ আবেদন করতে পারবেন ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশনে। মেশিন টুলস অপারেশন ও ইলেকট্রিক্যাল অ্যান্ড নেভিগেশন ইকুইপমেন্ট ইন্সটলেশনের জন্য থাকতে হবে এনএসসি পাসের যোগ্যতা। পাইপিং, মেশিনারি ইন্সটলেশন, এইচবিএসি ইন্সটলেশন টেকনোলজি,

পেইন্টিং, সিএনসি অপারেশন, ক্যাড অ্যান্ড ক্যাম এবং কোয়ালিটি কন্ট্রোল কোর্স শুরু হবে আগামী ছয় মাসের মধ্যে। অদক্ষ প্রার্থীদের বয়সসীমা ১৮ থেকে ৩০ বছর, স্কল দক্ষদের ২০ থেকে ৪৫ বছর। আর প্রতি ব্যাচে দেয়া হবে ৩০ জন। যোগ্যতা অনুযায়ী নারী প্রার্থীরাও আবেদন করতে পারেন।

আবেদন প্রক্রিয়া

পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রার্থীসহ বিস্তারিত জানানো হবে। তবে চলতি মাসেই প্রথম কোর্স শুরু হবে। আগ্রহীদের আবেদন করতে হবে নির্ধারিত ফরমে। আবেদন ফরম পাওয়া যাবে প্রশিক্ষণ পরিচালনাকারী প্রতিষ্ঠানে। আবেদনের সঙ্গে জমা দিতে হবে শিক্ষাগত যোগ্যতার সনদের ফটোকপি, দুই কপি ছবি ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং ভোকেশনাল বা টেকনিক্যাল শাখায় কাজের অভিজ্ঞতা থাকলে সংশ্লিষ্ট সনদপত্র।

যোগাযোগ করতে পারেন স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, এইচবিএফসি ভবন, ১/ডি, আগ্রাবাদ বাণিজ্যিক এলাকা, চট্টগ্রাম-৪১০০ টিকনায়। আর প্রশিক্ষণের জন্য যোগাযোগ করতে পারেন—

খান ব্রাদার্স শিপবিডিং : শান টাওয়ার, নবম তলা, ২৪/১, চামেলীবাগ, শান্তিনগর, ঢাকা-১২১৭। ফোন : ০১৭১৩৩২৯৩৬১।

ইউসেপ : কালুরঘাট রিজিওনাল অফিস, ওয়াসা মোড়, মৌলভীবাজার, মোহরা, চান্দপাণ্ডা, চট্টগ্রাম। ফোন : ০৩১৬৭০৮২৯।

ওয়েস্টার্ন মেরিন শিপইয়ার্ড : ৪নং কোলাপাণ্ডা ইউনিয়ন, পাটয়া, চট্টগ্রাম। ফোন : ০১৭১৭৯৫৭০৩৩।

ওয়েস্টার্ন মেরিন শিপইয়ার্ড : ১২৮/এ, বিলিক শিল্প এলাকা, রক-বি, সাগরিকা রোড, হালিশহর, চট্টগ্রাম। ফোন : ০১৮১৬৬০৯৪৭২।

এবিসি বাংলাদেশ-তুরস্ক টেকনিক্যাল স্কুল : দৌলতপুর, ফাটকছড়ি, চট্টগ্রাম। ফোন : ০১৮১১৪৪৬৩৩৫, ০১৮২৩২০৬৭৬৮।

এফএমসি ডকইয়ার্ড : এফএমসি হাউস, হাউস-৩, রোড-১, হিলাভিউ আ/এ, চট্টগ্রাম। ফোন : ০৩১২৫৫৩৬৬১-২।

দেশ শিপ বিডিং অ্যান্ড ইঞ্জিনিয়ারিং : ভাটিয়ারী, চট্টগ্রাম। ফোন : ০৩১৭১০৫২৫।

ওশান ইলেকট্রিক্যাল : চরণাথরঘাটা, আজিমপাড়া, কর্ণফুলী, চট্টগ্রাম। ফোন : ০১৭১৩২৪০৯৪৪, ০১৭১১২৭০০২০।

ন্যাশনাল মেরিনাইম ইন্সটিটিউট : দক্ষিণ হালিশহর, চট্টগ্রাম। ফোন : ০৩১৭২৭৮০৯।

প্রশিক্ষণ ও ভাতা

নতুনদের কোর্স শুরুতে ১০ থেকে ১৫ দিন তত্ত্বীয় রুপ নেয়া হবে। ব্যবহারিক রুপ নেয়া হবে শিপ নির্মাণ কারখানায়। ব্যবহারিক রুপের সময় বিভিন্ন যন্ত্রপাতির সাহায্যে হাতে-কলমে কাজ শেখানো হবে। স্কল দক্ষদেরও সরাসরি কারখানায় কাজ শেখানো হবে। প্রশিক্ষণ দেয়া হবে সপ্তাহে পাঁচ দিন। প্রতিটি রুপের সময়সীমা পাঁচ ঘণ্টা। আর তিনমাস মেয়াদি সব কোর্সে প্রতি মাসে তিন হাজার টাকা ভাতা দেয়া হবে। দুই সপ্তাহ মেয়াদি কোর্সে দেয়া হবে দুই হাজার ৫০০ টাকা। তিনমাস মেয়াদি প্রশিক্ষণের জন্য প্রতি মাসের শেষে এবং দুই সপ্তাহ মেয়াদি কোর্সের শেষে ভাতার অর্থ দেয়া হবে। প্রার্থীদের নিজ খরচে আবাসন ও খাবারের ব্যবস্থা করতে হবে। প্রশিক্ষণ শেষে আন্তর্জাতিক মান নির্ধারণকারী সংস্থার মূল্যায়নের মাধ্যমে সনদ দেয়া হবে। ওয়েল্ডিং বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্তদের মধ্য থেকে বেশি যোগ্যদের বাছাই করে আন্তর্জাতিক মানসম্পন্ন ডিএনভি-জিএল সনদ পাওয়ার ব্যাবহল পরীক্ষার ব্যবস্থা করে দেবে কর্তৃপক্ষ।

কাজের সুযোগ

দেশে অসংখ্য শিপইয়ার্ড কারখানা রয়েছে। এসব প্রতিষ্ঠানে অনায়াসে কাজ করতে পারবেন প্রশিক্ষণার্থীরা। এ ছাড়াও কাজের সুযোগ আছে জেটি, বন্দর, ব্রিজ নির্মাণ বা ওয়েল্ডিং, ইলেকট্রিক, কার্পেটিং, পেইন্টিংয়ে। দক্ষরা দেশেই পাবেন ২৫ থেকে ৩০ হাজার টাকা। ইউরোপ, মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশ এবং সিঙ্গাপুর, মালয়েশিয়া, ফিলিপাইন, জাপানসহ বিশ্বের বিভিন্ন দেশেও রয়েছে দক্ষ শ্রমিকের চাহিদা। চাইলে পাড়ি দিতে পারেন দেশের বাইরেও।